

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
 প্রবাসী কল্যাণ ভবন  
 কর্মসংস্থান অধি�শাখা-০৩  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০৮.০১১.০৯৮৬.০১.০৩৭.২০১১.১৬২

তারিখ : ১২/০৮/২০১৮

বিষয়: নিয়োগ অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রিক্রুটিং এজেন্সি মেসার্স মুসি এন্টারপ্রাইজ (আরএল-৯৮৬) এর অনুকূলে নিম্নবর্ণিত শর্তে সৌদি আরবের নিয়োগকর্তা Saudi Manpower Solutions Co.-এর অধীনে General labor পদে ১৭২ (একশত বাহাত্তর) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান করা হলোঃ

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক) সৌদি রিয়াল	অন্যান্য সুবিধাদি
Saudi Manpower Solutions Co.	General labor	১৭২ (একশত বাহাত্তর) জন পুরুষ	১০০০	খাবার, বাসস্থান, যাতায়াত, চিকিৎসা, ইন্সুলেস এবং ইকামা ফ্রি; বিমান ভাড়া-একপথ ফ্রি (চুক্তি শেষে); কর্মঘণ্টা-প্রতিদিন ০৮ ঘণ্টা; চুক্তির মেয়াদ-০২ বছর; চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

শর্তাবলী:

- (ক) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সৌদি আরবের বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- (খ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সৌদি আরবে পৌছার পর রিক্রুটিং এজেন্সী অর্থ মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ/জেন্দাস্থ বাংলাদেশ দৃতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- (গ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- (ঘ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদাপত্র/ক্ষমতাপত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- (ঙ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় ১,৬০,০০০/- (একলক্ষ ষাঁট হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- (চ) চুক্তিপত্রের কোন শর্ত লজ্জন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাত্তা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনিশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- (ছ) চাকরির শর্তাবলী সৌদি আরব এর শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- (জ) ভিসা ডেলিগেশন সংক্রান্ত হালনাগাদ তথ্য (Enjaz IT) যাচাই করতে হবে।
- (ঝ) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযুক্ত না হলে তা কর্মীর উপর প্রযোজ্য হবে না।
- (ঝঝ) এ নিয়োগ সম্পর্ক করে অর্থ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

- (ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।  
(ঠ) ডাটাবেইজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন।

১/২৬/৮

(মোঃ আখতারজ্জামান)

উপসচিব

ফোনঃ ৮৮৩১৩৫০৮

ই-মেইল: sasemployment3@probashi.gov.bd

মহাপরিচালক  
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যৱৰ্তো  
৮৯/২, কাকরাইলা, ঢাকা।

নং-৪৯.০০৮.০১১.০৯৮৬.০১.০৩৭.২০১১. ১৮২

তারিখ : ১২/০৮/২০১৮

অনুলিপি: (সদয় অবগতি/কার্যার্থে)

- ১। যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।  
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।  
৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দৃতাবাস, রিয়াদ, সৌদি আরব।  
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।  
৫। সহকারী প্রেস্টামার, আইসিটি শাখা, , প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।  
৬। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।  
৭। ব্যবস্থাপনা পরিচালক, মুসি এন্টারপ্রাইজ লিঃ (আরএল-৯৮৬), ৪১৩, নয়া নগর, কোকা-কোলা রোড, ভাটারা, গুলশান, ঢাকা-  
১২১২।  
৮। অফিস কপি।

১/২৬/৮

(মোঃ আখতারজ্জামান)

উপসচিব